



বাসা বরাদ্দ কমিটি
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯

স্মারক নং-চুয়েট/বাসা বরাদ্দ বিজ্ঞপ্তি-৮০

তারিখ: ১২ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ।

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত নিম্নে উল্লেখিত পারিবারিক বাসা, একক বাসা ও একক সিটগুলো অনুমোদিত বাসা বরাদ্দ নীতিমালা মোতাবেক বরাদ্দ প্রদানের লক্ষ্যে আগ্রহী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিকট থেকে বাসা বরাদ্দ কমিটি কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত ফরমটি (নতুন অনুমোদিত আবেদন ফরম) রেজিস্ট্রার দপ্তরের আইন ও এস্টেট শাখার ২১৩০৩ নং কক্ষ থেকে সংগ্রহ করা যাবে। আগ্রহীগণকে আবেদনপত্রের সংশ্লিষ্ট কলামসমূহ যথাযথভাবে পূরণ পূর্বক আগামী ২৫/০৩/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ মঙ্গলবার দুপুর ২:০০ ঘটিকার মধ্যে আইন ও এস্টেট শাখায় জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল।

বিশেষভাবে উল্লেখ্য যে, একই ব্যক্তির ভিন্ন ভিন্ন শ্রেণীর বাসার একাধিক আবেদনপত্রের ক্ষেত্রে পৃথকভাবে পৃথক ফরমে আবেদন করতে হবে এবং পূরণকৃত ফরমের তথ্যাদি সঠিক না হলে বাসা বরাদ্দ কমিটি উক্ত আবেদনপত্রটি বিবেচনায় নিবেন না।

ক্র. নং.	বাসার চিহ্নিত নাম্বার	বাসার শ্রেণী	যাঁদের জন্য প্রযোজ্য	বরাদ্দের ধরণ
০১.	খ-১২	পারিবারিক বাসা	শিক্ষকদের জন্য নির্ধারিত (গ্রেড ১-৪)	নীতিমালা অনুযায়ী
০২.	ড-১/৯	পারিবারিক বাসা	শিক্ষকদের জন্য নির্ধারিত (গ্রেড ৬-৯)	নীতিমালা অনুযায়ী
০৩.	ট-৫০৮ (খালী হওয়া সাপেক্ষে), ট-৫১৬	একক বাসা	শিক্ষকদের জন্য নির্ধারিত (গ্রেড ১-৯)	নীতিমালা অনুযায়ী
০৪.	ঙ-১/৩, ঙ-১/৪ ও চ-১/৭ (পুন: বিজ্ঞপ্তি)	একক বাসা	শিক্ষকদের জন্য নির্ধারিত (গ্রেড ১-৯)	নীতিমালা অনুযায়ী
০৫.	ট-১০৪ (বি নং সিট; মহিলা শিক্ষকদের জন্য), ও ট-১০৫ (এ, বি নং সিট) [পুন: বিজ্ঞপ্তি]	একক সিট	শিক্ষকদের জন্য নির্ধারিত (গ্রেড ১-৯)	নীতিমালা অনুযায়ী
০৬.	ট- ২০২, ট-৫০২, ট-২/২১১ (খালী হওয়া সাপেক্ষে)	একক বাসা	কর্মকর্তাদের জন্য নির্ধারিত (গ্রেড-৯ বা তদূর্ধ্ব)	নীতিমালা অনুযায়ী
০৭.	চ-১/৬ এর (এ) ও (ডি) নং সিট	একক সিট	২য় শ্রেণীর কর্মকর্তাদের জন্য নির্ধারিত	নীতিমালা অনুযায়ী
০৮.	ছ-৪/৫	পারিবারিক বাসা	৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য নির্ধারিত	নীতিমালা অনুযায়ী
০৯.	ত-০৯	একক বাসা	৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য নির্ধারিত	নীতিমালা অনুযায়ী

বি. দ্র.: ০৬ মাসের জন্য এডহক এবং চুক্তি ভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বাসা বরাদ্দ প্রাপ্তির নিমিত্তে আবেদন করার প্রয়োজন নাই।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে-

স্বা/-

সদস্য সচিব

বাসা বরাদ্দ কমিটি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-চুয়েট/বাসা বরাদ্দ বিজ্ঞপ্তি-৮০(০৬)

তারিখ: ১২ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি এবং কার্যার্থে অনুলিপি (ই-মেইলে) প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সকল ডীন, সকল পরিচালক, সকল বিভাগীয় প্রধান, সকল প্রভোস্ট, সকল অফিস প্রধান, চুয়েট (বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগত করার অনুরোধ সহকারে)।
০২. সকল সদস্য, বাসা বরাদ্দ কমিটি, চুয়েট।
০৩. পরিচালক, আইআইসিটি, চুয়েট (অত্র বিজ্ঞপ্তি এ বিশ্ববিদ্যালয়ের Website-এ প্রকাশের অনুরোধ সহকারে)।
০৪. পিএস টু ভিসি, চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. পিওটু রেজিস্ট্রার, চুয়েট (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. সংরক্ষণ নথি।

সদস্য সচিব

বাসা বরাদ্দ কমিটি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।